

বেড়ায় জাতীয় শিক্ষা সপ্তাহে সনদ বিতরণ

বেড়া (পাবনা) সংবাদদাতা। পাবনার বেড়ায় জাতীয় শিক্ষা সপ্তাহ ২০১৬ উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতা ও বিষয়ে প্রথম স্থান অধিকারীদের মাঝে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হয়েছে। গতকাল রবিবার এক অনুষ্ঠানের মাধ্যমে এই পুরস্কার তুলে দেয়া হয়। বেড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা সামসুন নাহার সূরির সভাপতিত্বে এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেড়া উপজেলার চেয়ারম্যান আব্দুল কাদের। এসময় উপস্থিত ছিলেন একাডেমিক সুপারভাইজার মনোয়ার হোসেন, উপজেলা সহকারী শিক্ষা অফিসার আব্দুল মতিন, বেড়া বি বি পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক গিয়াসউদ্দিন আহমেদ এবং স্কুল ও কলেজের প্রধান শিক্ষক ও অধ্যক্ষবৃন্দ। অনুষ্ঠানে নাচ, গান, কবিতা আবৃত্তি, বিতর্ক প্রতিযোগিতা, জারি গান ও অভিনয়ে অংশগ্রহণকারী বিজয়ীদের মধ্য এবং উপজেলা থেকে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, সহকারী শিক্ষক, শ্রেষ্ঠ ছাত্রের হাতে পুরস্কার ও সনদ তুলে দেয়া হয়।